অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/15/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো লং আইল্যান্ডের ভেটেরানদের জন্য 1.5 মিলিয়ন ডলারের একটি সাপোর্টিভ হাউজিং প্রজেক্টের ঘোষণা দেন

স্টেট-এর অর্থায়ন সাফোল্ক কাউন্টিতে ভেটারানদের জন্য স্থায়ী সহায়ক গৃহ নির্মাণে সহায়তা করে

প্রকল্পটি গভর্নরের 20 বিলিয়ন ডলারের হোমলেসনেস এন্ড এফোর্ডেবল হাউজিং প্ল্যান-এর অংশ

লং আইল্যান্ডে যেসব ভেটারান গৃহহীন ছিলেন, তাদের ও তাদের পরিবারকে স্থায়ী সহায়ক গৃহ সুবিধা প্রদানের জন্য গভর্নর এন্ড্রু এম. কুওমো আজ লং আইল্যান্ডের ভেটারানদের জন্য 1.5 মিলিয়ন ডলারের একটি প্রকল্প সমাপ্তির ঘোষণা দিয়েছে। প্রধানত স্টেট-এর হোমলেস হাউজিং এন্ড এসিসট্যান্স কর্মসূচি (Homeless Housing and Assistance Program) থেকে অর্থায়িত এই উন্নয়ন প্রকল্পে সেন্ট্রাল ইসলিপ (Central Islip)-এর সাফোল্ক কাউন্টি হ্যামলেট-এ তিনটি একক-পরিবার বসবাস উপযোগী বাড়ি করা হবে যাতে সর্বমোট 15টি শয়নকক্ষ থাকবে।

"যারা দেশকে সেবা দিয়েছে নিউ ইয়র্ক স্টেট তাদের সেবা প্রদানে বদ্ধপরিকর, এবং এই সহায়ক গৃহ নির্মাণ প্রকল্প নিশ্চিত করে যে সেসব সাহসী নারী ও পুরুষের অন্তত থাকার মতো একটি ঘর রয়েছে", **গভর্নর কুওমো বলেছেন।** "এই প্রকল্প লং আইল্যান্ড-এর গৃহহীন ও আগে গৃহহীন ছিলো এরূপ ভেটারানদের স্থায়ী আবাসন প্রদান করবে এবং তাদের ও তাদের পরিবারে স্থিতিশীলতা আনয়নে সহায়তা করবে।"

"আমরা আমাদের সাহসী ভেটারানগণসহ নিউ ইয়র্কের সবচেয়ে ঝুঁকিগ্রস্তদের সহায়তা প্রদানে বিভিন্ন পরিষেবা ও কর্মসূচিতে বিনিয়োগে বদ্ধপরিকর," **লেফটেন্যান্ট ভর্নর ক্যাথি হোচুল বলেছেন।** "লং আইল্যান্ডে সহায়ক হাউজিং-এর জন্য এই অর্থ সহযোগিতা গৃহহীন থাকা ভেটারান ও তাদের পরিবারের জন্য ব্যয়সাধ্য, মানসম্মত থাকার জায়গা নিশ্চিতকরণে এবং স্টেটজুড়ে গৃহহীনতার বিরুদ্ধে লড়াইয়ে আমাদের প্রচেষ্টা অব্যাহত রাখতে সহায়তা করবে।"

প্রকল্পটি হোমলেস হাউজিং এন্ড এসিস্টেন্স প্রোগ্রাম থেকে 1.3 মিলিয়ন ডলার লাভ করেছে। এই কর্মসূচিটি স্টেট অফিস অব টেম্পরারি এন্ড ডিজ্যাবিলিটি এসিস্টেন্স (Office of Temporary and Disability Assistance, OTDA)-কর্তৃক পরিচালিত। লং আইল্যান্ড-ভিত্তিক একটি অলাভজনক প্রতিষ্ঠান 'কনসার্ন ফর ইন্ডিপেন্ডেন্ট লিভিং' (Concern for Independent Living) প্রকল্পের বাকী অর্থের জোগান দিয়েছে এবং তারা কমিউনিটির অন্যান্য সেবাগুলোর সাথে সংযোগ স্থাপনসহ গৃহগুলোতে সহায়ক বিভিন্ন সেবা প্রদান করবে।

নিউ ইয়র্ক স্টেট অফিস অব টেম্পরারি এন্ড ডিজ্যাবিলিটি এসিস্টেন্স কমিশনার মাইক হেইন (Mike Hein) বলেন, "আমাদের দেশকে বীরত্বের সাথে সেবা দেওয়া সাহসী মানুষগুলোকে – বিশেষ করে যেসব

ভেটারান মানবেতর জীবনযাপন করছে তাদেরকে সহায়তায় নিউ ইয়র্ক স্টেট-এর কর্তব্য রয়েছে। এই গৃহগুলো ভেটারান ও তাদের পরিবারবর্গকে স্থায়ী আবাসন সুবিধা প্রদান করবে এবং তাদের নতুন জীবন শুরু করায় নির্ভরযোগ্য সহায়তা সেবা প্রদান করবে। আমাদের ভেটারানদের মধ্যে গৃহহীনতা চিরতরে নির্মূল করার যে লক্ষ্য আমরা নির্ধারণ করেছি প্রকল্পটি সে লক্ষ্যের পথে আরেকটি ধাপ।"

নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব ভেটারান্স এফেয়ার্স (New York State Division of Veterans' Affairs)-এর নির্বাহী পরিচালক জোয়েল ইভান্স (Joel Evans) বলেছেন, "নিউ ইয়র্ক স্টেট তার ভেটারানগণ ও তাদের পরিবারবর্গকে একটি প্রতিশ্রুতি দিয়েছে যে তারা ফেরত আসলে তাদের প্রতি খেয়াল রাখা হবে। অভাবগ্রস্ত সেসব ভেটারান ও তাদের পরিবারবর্গকে দেওয়া নিউ ইয়র্ক স্টেট তার প্রতিশ্রুতি কিভাবে পূরণ করছে এর সুনির্দিষ্ট উদাহরণ হচ্ছে এই গৃহগুলো। সামাজিক সেবাগুলোর সাথে করা অতিরিক্ত সংযোগ সাফোল্ক কাউন্টি (Suffolk County)'র এসব ভেটারান ও তাদের পরিবারবর্গের দীর্ঘমেয়াদী সাফল্য নিশ্চিত করবে। নিউ ইয়র্কের ভেটারান ও তাদের পরিবারবর্গের বাস্তুহীনতা অবসানে যুক্তরাষ্ট্র নেভি'র একজন ভেটারান হিসেবে, আমি গভর্নর কুওমো ও নিউ ইয়র্ক স্টেট-এর প্রচেষ্টার অংশ হতে পেরে গর্বিত।"

2014 সালে স্থানীয় আইন হিসেবে পাশকৃত হাউজিং আওয়ার হোমলেস হিরোজ অ্যাক্ট (Housing Our Homeless Heroes Act)-এর অধীনে সাফোল্ক কাউন্টি-কর্তৃক দানকৃত জমির উপর নতুন গৃহগুলো নির্মিত হয়েছে; আইনটির লক্ষ্য ছিলো এ অঞ্চলে গৃহহীন ভেটারানদের বাস্তুহীনতার অবসান ঘটানো। সাফোল্ক কাউন্টিতে 75,000-এরও বেশি ভেটারান বসবাস করে, নিউ ইয়ক স্টেটে যা সংখ্যায় সর্বোচ্চ।

প্রতিটি বাসা জ্বালানী-সাশ্রয়ী এবং শারীরীক-প্রতিবন্ধীদের ব্যবহার উপযোগী। কেস ব্যবস্থাপনা, সার্ভিস পরিকল্পনা, পুনর্বাসন কাউন্সেলিং, 24-ঘন্টার জরুরি সেবাসহ সংকটকালীন হস্তক্ষেপ এবং জীবনমূখী শিক্ষার প্রশিক্ষণ প্রভৃতি সেবায় অধিবাসীদের অ্যাক্সেস থাকবে।

কনসার্ন ফর ইন্ডিপেন্ডেন্ট লিভিং সাফোল্ক কাউন্টি জুড়ে 850টি ইউনিটেরও বেশি বাড়ি পরিচালনা করছে, যার মধ্যে 60টি ইউনিট বরাদ্দ রয়েছে গৃহহীন ভেটারানদের জন্য। ভেটারানদের হোমলেস হাউজিং এন্ড এসিস্টেন্স প্রোগ্রাম-এর মাধ্যমে সহায়তা প্রদান করা হয়। সংস্থাটি 100-টি শিশুসহ প্রায় 1,000 ব্যক্তিকে গৃহ ও সহায়তা সেবা প্রদান করছে।

প্রকল্পটি গভর্নর কুওমো'র 20 বিলিয়ন ডলারের হোমলেসনেস এন্ড এফোর্ডেবল এ্যাকশন প্ল্যান (Homelessness and Affordable Housing Action Plan)-এর অংশ, যার আওতায় 110,000 ইউনিটের বেশি ব্যয়সাধ্য হাউজিং এবং 6,000 ইউনিটের বেশি সহায়ক আবাসন তৈরি ও সংরক্ষণের মাধ্যমে গৃহহীনতার সাথে লড়াই করছে। এই প্ল্যানটি পুরো স্টেটের আবাসনের সমস্যা সমাধানের জন্য একটি পূর্ণাঙ্গ পদ্ধতি, যাতে অন্তর্ভুক্ত রয়েছে একক ও যৌথ পরিবারের হাউজিং, সামাজিক উন্নয়ন আর ভাড়া স্থিতিশীলকরণ।

সিনেটর মনিকা মার্টিনেজ বলেন, "আমাদের ভেটারানদের যত্ন নেওয়াটা আমাদের জন্য গুরুত্বপূর্ণ, এবং এ ধরনের কর্মসূচি কমিউনিটিতে অধিক হারের বাস্তুহীনতার বিরুদ্ধে লড়াইয়ে সহায়তা করবে। আমি গভর্নরের উদ্যোগের প্রশংসা করি, এবং এটি সঠিক পথে দারুণ একটি পদক্ষেপ, কিন্তু লং আইল্যান্ড জুড়ে ভেটারানদের স্বাস্থ্য ও সুরক্ষা নিশ্চিত করতে আরো কাজ করতে হবে।"

এসেম্বলীম্যান স্টিভ স্টার্ন বলেছেন, "হাউজিং আওয়ার হোমলেস হিরোজ অ্যাক্ট-এর একটি লেখক হিসেবে, আইনটির বাস্তবায়ন দেখাটা দারুণভাবে সুখকর। সাফোল্ক কাউন্টি-তে বসবাসরত এসব ভেটারান ও তাদের পরিবারবর্গের জন্য একটি নতুন অভিযাত্রা। আজকে কমিউনিটির একজন হয়ে আমরা দাবী করতে পারি যে আমাদের ব্যবহৃত ভূখণ্ডের সুরক্ষার জন্য একজন সৈনিক যখন বাইরে যায়, তখন ঘুমানোর জন্য তাদেরকে বাড়ি ফিরতে হবে বিষয়টি অগ্রগহণযোগ্য। আজকের দিনটিকে সফল করে তোলার জন্য গভর্নর কুওমো, সাফোল্ক কাউন্টি'র নির্বাহী স্টিভ বেলোন, সাফোল্ক কাউন্টি ভেটারান্স সার্ভিসেস এজেন্সিস-এর পরিচালক টম রোন্যন্স, এবং কনসার্ন ফর ইন্ডিপেন্ডেন্ট-কে ধন্যবাদ জানাচ্ছি।"

সাফোক কাউন্টি'র এক্সেকিউটিভ স্টিভ বেলোন বলেন, "নিউ ইয়র্ক স্টেটের সবচেয়ে বেশি ভেটারানের বাস করে সাফোল্ক কাউন্টিতে এবং আমাদের স্বাধীনতার সুরক্ষায় যারা ত্যাগ স্বীকার করেছে সেসব নায়কদের সম্মান জানানো ও সহায়তা করা আমাদের কর্তব্য। লং আইল্যান্ডে ভেটারানদের গৃহহীনতার বিষয়টি মোকাবেলায় নেতৃত্ব প্রদান এবং এই প্রকল্পটির বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থের জোগান প্রদানের জন্য আমি গভর্নর কুওমো ও কনসার্ন ফর ইন্ডিপেন্ডেন্ট লিভিং-এর প্রতি অত্যন্ত কৃতজ্ঞ। আমাদের অভাবগ্রস্ত ভেটারানদের তাদের প্রয়োজনীয় সহায়তা ও সেবা প্রদানের মাধ্যমে সহযোগিতার হাত প্রসারে আমরা আমাদের অভিভাবকদের সাথে অব্যাহতভাবে কাজ করে যাবো।"

কনসার্ন ফর ইন্ডিপেন্ডেন্ট লিভিং-এর নির্বাহী পরিচালক রাল্ফ ফাসানো (Ralph Fasano) বলেন, "এই প্রকল্পটির সফল করতে প্রয়োজনীয় অর্থের জোগান দেওয়ায় আমরা গভর্নর কুওমো ও OTDA-এর স্টাফদের ধন্যবাদ জানাতে চাই, পাশাপাশি জমি দানের জন্য কাউন্টি নির্বাহী স্টিভ বেলোন এবং নিউ ইয়র্ক স্টেট-এর এসেম্বলীম্যান স্টিভেন স্টার্ন-কেও ধন্যবাদ জানাতে চাই। লং আইল্যান্ডে ভেটারানদের গৃহহীনতা দূরীকরণে এ ধরনের অংশীদারিত্ব গুরুত্বপূর্ণ।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন